

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১১২

২. পবিত্ৰতা অৰ্জন (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ২০. জুনুব (جنب) ব্যক্তির জানাবত স্মরণ না থাকার কারণে নামায পড়িলে সেই নামায পুনরায় পড়া এবং গোসল করা ও কাপড় ধোয়া প্রসঙ্গে

بَابِ إِعَادَةِ الْجُنُبِ الصَّلَاةَ وَغُسْلِهِ إِذَا صلَّى وَلَمْ يَذْكُرْ وَغَسْلِهِ ثَوْبَهُ

## আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِكِ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ، أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ، صَلَّى بِالنَّاسِ الصَّبْحَ ثُمَّ غَدَا إِلَى أَرْضِهِ بِالْجُرُفِ فَوَجَدَ فِي ثَوْبِهِ احْتِلاَمًا فَقَالَ إِنَّا لَمَّا أَصَبْنَا الْوَدَكَ لاَنَتِ الْعُرُوقُ . فَاغْتَسَلَ وَغَسَلَ الإحْتِلاَمَ مِنْ ثَوْبِهِ وَعَادَ لِصنَلاتِهِ .

## বাংলা

রেওয়ায়ত ৮২. সুলায়মান ইবন ইয়াসার (রহঃ) হইতে বর্ণিত, উমর ইবন খান্তাব (রাঃ) লোকের সহিত (জামাতে) ফজরের নামায পড়িলেন, অতঃপর সকালবেলা জুরুফ'-এ (جرف) অবস্থিত তাহার জমির দিকে গমন করিলেন। তারপর তাহার কাপড়ে ইহতিলামের (চিহ্ন) দেখিতে পাইলেন। তিনি বলিলেনঃ আমরা চর্বি (চর্বিযুক্ত খাদ্যদ্রব্য) যখন হইতে আহার করিতেছি তখন হইতে আমাদের শিরাসমূহ কোমল হইয়াছে। তারপর তিনি গোসল করিলেন এবং কাপড় হইতে ইহতিলাম (এর চিহ্ন) ধুইয়া ফেলিলেন এবং নামায পুনরায় পড়িলেন।

## **English**

Yahya related to me from Malik from Yahya ibn Said from Sulayman ibn Yasar that Umar ibn al-Khattab led the people in the subh prayer and then went out to his land in Juruf and found semen on his clothes. He said, "Since we have been eating rich meat our veins have become fulsome." He did ghusl, washed the semen from his clothing, and did his prayer again.

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সূলাইমান ইবন ইয়াসার (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন